দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... NOV. 1 1 1999 ..
পৃঃ ৪ ৬

# প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রধান শিক্ষক নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষার পর মৌখিক পরীক্ষা সম্পন্ন হওয়ার পথে। কয়েকদিন পরেই হয়তো চূড়ান্ত ফলাফল প্রকাশিত হইবে। উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সকল কোটা অনুসরণপূর্বক প্রার্থী নির্বাচন করা হইয়া থাকে। শিক্ষকগণ মানুষ গড়ার কারিগর-তাই শিক্ষকদের হইতে হইবে সার্বিকভাবে মেধাবী। অথচ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রচলিত কোটা পদ্ধতির মারপ্যাচে প্রকৃত মেধাবী অনেক প্রার্থীই চাকুরী লাভের ক্ষেত্রে বঞ্চিত রহিয়া যায়। শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নের স্বার্থেই প্রকৃত মেধাবীদের অগ্রাধিকার দিয়া প্রচলিত কোটা পদ্ধতি ঢালিয়া সাজানো প্রয়োজন। সেই সাথে বার বার পরীক্ষা গ্রহণের জটিলতা পরিহারপূর্বক যোগ্য প্রার্থীদের একটি প্যানেল তালিকা প্রস্তুত করা যায় কিনা, তাহা বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ সাখাওয়াৎ হোসেন,
গ্রাম ও ডাকঃ মাঝিনা,
উপজেলাঃ পাঁচবিবি,
জেলাঃ জয়পুরহাট।